**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৭৩-আইন/২০২৫/৩০১-মূসক** ।―সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading No.) 94.02 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 9402.90.10 এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত, হাসপাতাল শয্যার (Medical Bed) স্থানীয় উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর (আগাম কর সহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করা করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) এই অব্যাহতি সুবিধা শুধুমাত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প হইতে হইবে;

**ব্যাখ্যা।-**

(অ) “Industrial IRC holder” অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে; এবং

(আ) “VAT compliant” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত এবং নিয়মিত দাখিলপত্র পেশ করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(গ) স্থানীয় হাসপাতাল শয্যা (Medical Bed) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শুল্কায়নের সময় উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে এবং হাসপাতাল শয্যার (Medical Bed) উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম মূসক-৪.৩ এ উপকরণ হিসেবে উল্লেখ থাকিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com
Downloaded from www.taxvatpoint.com

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। উল্লিখিত অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-২ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৪। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)**
**সচিব**

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com